কোর্স : আরবী ভাষা
লেকচার : ০৩
কোর্স শিক্ষক : ড. নূরুল ইসলাম

حُرُوْفُ الْجَرِّ (যের প্রদানকারী অব্যয় সমূহ) (Prepositions)

যে সকল শব্দ অন্য শব্দের সাথে মিলিত না হয়ে নিজের পূর্ণ অর্থ প্রকাশ করতে পারে না তাদেরকে حَرْفٌ বা অব্যয় বলা হয়। যদিও এদের নিজস্ব অর্থ আছে। এগুলো اَلْحُرُوْفُ الْهِجَائِيَّةُ বা আরবী বর্ণমালার حَرْفٌ নয়। যেমন : مِنْ হতে।

হরফগুলো মূলত দুই প্রকার : (১) حُرُوْفٌ عَامِلَةٌ বা আমলযুক্ত হরফ সমূহ। (২) حُرُوْفٌ غَيْرُ عَامِلَةٍ বা আমলহীন হরফ সমূহ।

আমলযুক্ত হরফ সমূহের মধ্যে অন্যতম হল حُرُوْفُ الْجَرِّ বা যের প্রদানকারী অব্যয় সমূহ।

* যে সকল হরফ কোন اِسْمٌ বা বিশেষ্যের পূর্বে বসে তার শেষে জার বা যের প্রদান করে সেগুলোকে حُرُوْفُ الْجَرِّ বলা হয়। যে اِسْمٌ এর পূর্বে হরফে জার বসে ঐ اِسْمٌ কে مَجْرُوْرٌ বলা হয়।

حُرُوْفُ الْجَرِّ সর্বমোট ১৭টি। যথা :

بَ	تَ	كَ	لَ	وَ	مُنْذُ	مُذْ	خَلَا	رُبَّ	حَاشَا	مِنْ
عَدَا	فِيْ	عَنْ	عَلَى	حَتَّى	إِلَى					

উদাহরণ : عَلَى السَّقْفِ (ছাদের উপরে)

السَّقْفِ → مَجْرُوْرٌ

عَلَى → حَرْفُ جَرٍّ

এই ১৭টির মধ্যে কোন কোনটি একাধিক অর্থে ব্যবহৃত হয়। যেমন : ب হরফে জারটি দ্বারা, সাথে, শপথ প্রভৃতি অর্থে ব্যবহৃত হয়।

উল্লেখ্য যে, (ক) একবচন বিশেষ্য (اَلْإِسْمُ الْمُفْرَدُ) এর জন্য জার এর আলামত বা নিদর্শন হল শেষে কাসরাহ বা যের হওয়া। যেমন : وَصَلَ الطَّالِبُ إِلَى الْمَدْرَسَةِ (ছাত্রটি মাদ্রাসায় পৌঁছেছে)।

(খ) দ্বি-বচন এর ক্ষেত্রে انِ টি يْنِ হওয়া বুঝায়। যেমন :

رَجُلٌ ⟵ رَجُلَانِ ⟵ لِرَجُلَيْنِ

(গ) اَلْجَمْعُ اَلْمُذَكَّرُ السَّالِمُ এর ক্ষেত্রে وْنَ টি يْنَ হয়ে এর পূর্ববর্তী অক্ষরে যের হওয়াকে বুঝায়। যেমন :

اَلصَّالِحُ ⟵ اَلصَّالِحُوْنَ ⟵ مِنَ الصَّالِحِيْنَ

কিছু বহুল ব্যবহৃত حَرْفُ جَرٍّ উদাহরণসহ নিম্নে উল্লেখ করা হল :

مِنْ	থেকে/হতে	مِنَ الْمَدْرَسَةِ	মাদ্রাসা থেকে
إِلَى	দিকে/পর্যন্ত	إِلَى الْمَسْجِدِ	মসজিদের দিকে
عَلَى	উপরে	عَلَى مُحَمَّدٍ	মুহাম্মাদের উপরে
فِيْ	মধ্যে	فِي الْغُرْفَةِ	ঘরের মধ্যে
بِ	দ্বারা	بِالْقَلَمِ	কলমের দ্বারা
لِ	জন্য	لِلّٰهِ	আল্লাহ্‌র জন্য
عَنْ	হতে/সম্বন্ধে	عَنِ الطَّرِيْقِ	রাস্তা হতে
كَ	মত	كَالْأَسَدِ	সিংহের মত
وَ	শপথের জন্য	وَالْعَصْرِ	কালের শপথ
تَ	শপথের জন্য	تَاللّٰهِ	আল্লাহ্‌র শপথ
حَتَّى	পর্যন্ত	حَتَّى الصَّبَاحِ	সকাল পর্যন্ত

কুরআনিক উদাহরণ :

দয়াময় আরশে উন্নীত।	(20/5)	الرَّحْمَنُ **عَلَى** الْعَرْشِ اسْتَوَى
তিনিই সেই সত্তা যিনি তোমাদের জন্য সৃষ্টি করেছেন পৃথিবীতে যা আছে সবকিছু। অতঃপর তিনি মনঃসংযোগ করেন আকাশের দিকে।	(2/29)	هُوَ الَّذِي خَلَقَ لَكُمْ مَا **فِي** الْأَرْضِ جَمِيعًا ثُمَّ اسْتَوَى **إِلَى** السَّمَاءِ
বল! আমি আশ্রয় গ্রহণ করছি মানুষের পালনকর্তার।	(114/1)	قُلْ أَعُوذُ **بِرَبِّ** النَّاسِ
এবং তুমি মানুষকে দেখছ তারা আল্লাহর দ্বীনের (ইসলামে) দলে দলে প্রবেশ করছে।	(110/2)	وَرَأَيْتَ النَّاسَ يَدْخُلُونَ **فِي** دِينِ اللَّهِ أَفْوَاجًا
শপথ ডুমুর ও যয়তূন বৃক্ষের।	(95/1)	**وَ**التِّينِ **وَ**الزَّيْتُونِ
তারা বলল, আল্লাহর কসম! তোমরা তো জানো যে, আমরা এদেশে কোনরূপ অনর্থ সৃষ্টি করতে আসিনি এবং আমরা চোর নই।	(12/73)	قَالُوا **تَ**اللَّهِ لَقَدْ عَلِمْتُمْ مَا جِئْنَا لِنُفْسِدَ **فِي** الْأَرْضِ وَمَا كُنَّا سَارِقِينَ
যিনি তাদেরকে ক্ষুধার অন্ন দান করেছেন এবং ভীতি হতে নিরাপদ করেছেন।	(106/4)	الَّذِي أَطْعَمَهُمْ **مِنْ** جُوعٍ وَآمَنَهُمْ **مِنْ** خَوْفٍ
ডান ও বাম দিকে থেকে দলে দেলে?	(70/37)	**عَنِ** الْيَمِينِ وَ**عَنِ** الشِّمَالِ عِزِينَ
অতঃপর তিনি তাদের করে দেন ভক্ষিত তৃণসদৃশ।	(105/5)	فَجَعَلَهُمْ **كَعَصْفٍ** مَأْكُولٍ
নভোমণ্ডলে ও ভূমণ্ডলে যা কিছু আছে, সবই আল্লাহর।	(2/284)	لِلَّهِ مَا **فِي** السَّمَاوَاتِ وَمَا **فِي** الْأَرْضِ
এ রাতে কেবলই শান্তি বর্ষণ। যা চলতে থাকে ফজর উদয় হওয়া পর্যন্ত।	(97/5)	سَلَامٌ هِيَ **حَتَّى** مَطْلَعِ الْفَجْرِ

বিঃ দ্রঃ اِسْمٌ (বিশেষ্য) এবং হরফে জার মিলিত হয়ে বাক্যের একটি অংশ হয়। একে **شِبْهُ الْجُمْلَةِ** বা phrase (বাক্যাংশ) বলা হয়।